

2 0 1 9

BENGALI

(Major)

Paper : 2·2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) রিদয়নাথের পদবী কী ?

(খ) যষ্টীর বাহন কে ?

(গ) “এখনো দেখছ না ফটকে লেখা—‘পালদিং অফ
_____’!”

(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) কাঠবেড়ালি গিল্মি সাড়া না দেওয়ায় রিদয় কোন্ ভাষায়
গান ধরেছে ?

(ঙ) “ঠিক এই সময় শিলিগুড়ি থেকে ছোট রেল বাঁশি দিয়ে
পাহাড়ে উঠতে আরম্ভ করলে।” এই বাক্যটি কোন্
অধ্যায়ে আছে ?

(i) ‘আসামী বুরঞ্জী’

(ii) ‘যোগী-গোফা’

(iii) ‘চকা-নিকোবর’

(iv) ‘টুং-সোম্বাটা ঘুম’

(শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

(2)

- (চ) ক্যালিফোর্নিয়ার স্কুলে পড়ার সময় মিনির বাবা তাকে কী কিনে দিয়েছিলেন ?
- (ছ) এ্যালিস কোন্ বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ?
- (জ) উড্ডীয়মান মাছের ছবি সুরেশ্বর ছোটবেলায় কোথায় দেখেছিল ?
- (ঝ) “বিমল বুঝলে ওই পাহাড়টি বর্তমানে চীনা _____ রুট আর্মির ঘাঁটি।”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (ঞ) হ্যানকাউ শহরের উপকণ্ঠে অবস্থিত পবিত্র মন্দিরটির নাম কী ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) “জং বাহাদুর করেন কি ! ওটা মানুষ—ব্যাঙ নয়।” জং বাহাদুর কে ? ‘মানুষ’ বলতে কাকে বোঝানো হয়েছে ?
- (খ) “আমি গঙ্গাসাগরে ছান কত্তি যেতেছি।” কে, কাকে একথা বলেছে ?
- (গ) “মহারাজ, মানুষটাকে হাড়গোড় ভেঙে দ করে নিয়ে গেলে তো ওটা আমাদের কোনো কাজে আসবে না, আমি বরং ওকে পিঠে নিই, কি বলেন ?” ঝোড়োকাক কাকে পিঠে নিতে চেয়েছে ? ‘মহারাজ’ কে ?

(3)

- (ঘ) সিঙ্গাপুর বোটানিকাল গার্ডেনে যে দুজন ব্যক্তি সুরেশ্বর ও বিমলের সঙ্গে দেখা করেছিলেন তাঁদের নাম লেখো।
- (ঙ) ‘সাহসাই ডেলি নিউজ’ পত্রিকায় কোন্ কোন্ ভাষায় সংবাদ পরিবেশিত হতো ?

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) :

৫×৪=২০

- (ক) আন্দামানি লালসেরা ও চকার কথোপকথন সংক্ষেপে বিবৃত করো।
- (খ) চাম্বার ঘরে বন্দী কাঠবেড়ালিকে মুক্ত করতে রিদয় কীভাবে এগিয়ে এসেছিল, লেখো।
- (গ) “বনের মধ্যে শেয়াল-মানুষে চরক-বাজি এমনতর কেউ কোনদিন দেখেনি।” সংক্ষেপে এই চরক-বাজির বর্ণনা দাও।
- (ঘ) দশ হাজার ডলার মুক্তিপণ কে, কার কাছে, কেন দাবি করেছিল ?
- (ঙ) সুরেশ্বরের সঙ্গে বিমলের পরিচয় পর্বটির বর্ণনা দাও। তাদের বিদেশ যাত্রার কারণ কী ছিল ?
- (চ) ফা-চিন মন্দিরে দুই চিনা তরুণ-তরুণীর বিবাহ অনুষ্ঠানের বর্ণনা দাও।

- ৪। প্রতিটি গুচ্ছ থেকে দুটি করে নিয়ে মোট চারটি প্রশ্নের
উত্তর দাও : ১০×৪=৪০

ক—গুচ্ছ

- (ক) 'বুড়ো আংলা' গ্রন্থ অবলম্বনে 'চকা-নিকোবর' অথবা 'যোগী-গোফা' অংশের ঘটনাবলি সংক্ষেপে লেখো।
- (খ) 'বুড়ো আংলা' গ্রন্থের 'আসামী বুরঞ্জী' অংশ অবলম্বনে ইঁদুরেরা কীভাবে নাটবাড়ির দখল ফিরে পেল তার বিবরণ দাও।
- (গ) 'বুড়ো আংলা' গ্রন্থে অবনীন্দ্রনাথের বিবরণ অনুসরণ করে বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যের কয়েকটি দৃশ্য বর্ণনা করো।

খ—গুচ্ছ

- (ঘ) 'মরণের ডঙ্কা বাজে' গ্রন্থে চিনা নারী-সৈন্যবাহিনীর সাহসিকতা কীভাবে বর্ণিত হয়েছে তা লেখো।
- (ঙ) 'মরণের ডঙ্কা বাজে' গ্রন্থে এ্যালিস ও মিনির ভূমিকাটি বিশ্লেষণ করো।
- (চ) 'মরণের ডঙ্কা বাজে' গ্রন্থের নামকরণ কতটা সার্থক হয়েছে তা বিশ্লেষণ করো।

★ ★ ★